তারিখ ২১।১১।২০০০
পৃষ্ঠা ৮ কলাম ১

দৈনিক ইনকিলাব

38



*ইনকিলাব ঃ ভিকারুননেছা নূন স্কুল ও কলেজে স্কুল শাখার ভর্তি ফরম বিক্রি শুরু হয়েছে। ফরম সংগ্রহে গতকাল স্কুলে অভিভাবকদের উপচেপড়া ভিড় পরিলক্ষিত হয়েছে*

## জনসংখ্যা অনুপাতে মানসম্পন্ন স্কুল অপ্রতুল

# রাজধানীর স্কুলগুলোতে ভর্তি প্রক্রিয়া জটিল হয়ে উঠছে

**মোঃ আবদুর রহিম** ॥ রাজধানীতে ভর্তি প্রক্রিয়া ক্রমেই জটিল হয়ে উঠছে। ঢাকায় জনসংখ্যা বৃদ্ধির পাশাপাশি মানসম্পন্ন স্কুলের সংখ্যা বৃদ্ধি না পাওয়ায় এ জটিলতা ক্রমেই বাড়ছে। প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও ৬ষ্ঠ শ্রেণীতে ভর্তি প্রক্রিয়া সবচেয়ে বেশী জটিল।

রাজধানীর স্কুলসমূহে ভর্তির মৌসুম শুরু হয়েছে। ভিকারুননেছা নূন স্কুল ও কলেজের স্কুল শাখার ভর্তি ফরম বিক্রি শুরু হয়েছে। আরো ২/১টি স্কুলে ভর্তির ফরম বিক্রি শুরু হয়েছে। রাজধানীর অনেক স্কুলে বার্ষিক পরীক্ষা চলছে আবার অনেক স্কুলে কয়েক দিনের মধ্যেই বার্ষিক পরীক্ষা শুরু হবে। ছাত্র-ছাত্রীদের বার্ষিক পরীক্ষা নিয়ে অভিভাবকদের ব্যস্ততার মধ্যে ভর্তির ফরম বিক্রি শুরু হওয়ায় অভিভাবকগণ এখন

৫-এর পৃঃ ১-এর কঃ দেখুন

## স্কুলগুলোতে ভর্তি প্রক্রিয়া জটিল হয়ে উঠছে

৮-এর পৃষ্ঠার পর

বিপাকে। সন্তানদেরকে ভর্তিযুদ্ধে অবতীর্ণ করতে প্রস্তুতির পেছনে এখন বাধা বার্ষিক পরীক্ষা। এমতাবস্থায় অভিভাবকগণ চিন্তায় হাবুডুবু খাচ্ছেন।

রাজধানীতে বেসরকারী স্কুলের সংখ্যা ৩৮৪। সরকারী স্কুলের সংখ্যা ২৪টি। উল্লিখিত স্কুলসমূহের মধ্যে সরকারী ৫/৬টি এবং বেসরকারী ১০/১২টি স্কুলের প্রতি থাকে অভিভাবকদের দৃষ্টি। ভিকারুন্নেছা স্কুল, আইডিয়াল স্কুল, মনিপুর স্কুল, ল্যাবরেটরি স্কুল, মতিঝিল ও ধানমন্ডি গভঃ প্রভৃতি স্কুলে ১টি আসনের জন্য ভর্তি যুদ্ধে অবতীর্ণ ছাত্র বা ছাত্রীর সংখ্যা থাকে গড়ে ১০/১২ জন পর্যন্ত। গত বছর রাজধানীর সরকারী স্কুলসমূহের কম-বেশী ৫ হাজার আসনের বিপরীতে ছিল ৩০ হাজারের বেশী ভর্তিচ্ছু ছাত্রছাত্রী।

উপরের বর্ণনা থেকে ভর্তি সমস্যার যে প্রকট চিত্র প্রকাশ প্রায় সামনের ভর্তি পরীক্ষায় তা বাড়বে বৈ কমবে না। আর এ জন্যই রাজধানীতে ভর্তি প্রক্রিয়া ক্রমেই জটিল হয়ে উঠছে। রাজধানীতে প্রতিষ্ঠিত ও উন্নত মানসম্পন্ন বেসরকারী স্কুলসমূহে বেতন ও ভর্তি ফি অধিক হওয়ার কারণে সেসব স্কুলে সাধারণ আয়ের মানুষের প্রবেশ সম্ভব নয়।

ভিকারুন্নেছা নূন স্কুলে ভর্তির ফরম বিক্রি শুরু হয়েছে। ফরম সংগ্রহে ভিকারুন্নেছা স্কুলে ছিল উপচেপড়া অভিভাবকদের ভিড়